দৈনিক জনকণ্ঠ

248

তারিখ NOV: 03 1999
পৃষ্ঠা কলাম

# পিসি কলেজের সমস্যা সমাধান না করা হলে কঠোর কর্মসূচী

বাগেরহাট, ২ নবেম্বর নিজস্ব সংবাদদাতা ॥ সরকারী পিসি কলেজের শূন্যপদে ৬১ শিক্ষক নিয়োগসহ আট দফা দাবি পূরণ করা না হলে বাগেরহাট ও মংলা বন্দর অচল করে দেয়ার ঘোষণা দেয়া হয়েছে। রবিবার এক সাংবাদিক সম্মেলনে বাগেরহাট জেলা ছাত্র ইউনিয়ন এ ঘোষণা দেয়। সরকারী পিসি কলেজের বিভিন্ন সমস্যার সমাধান এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য কর্তৃপক্ষ ও স্থানীয় রাজনৈতিক নেতাদের বার বার তাগাদা দেয়া সত্ত্বেও কোন ফল না হওয়ায় এ কর্মসূচী দেয়া হয়।

স্থানীয় ছাত্র ইউনিয়ন অফিসে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে বলা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী এ কলেজে ৬১টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। চৌদ্দটি বিষয়ে অনার্স কোর্সের শিক্ষার্থীরা শিক্ষকের অভাবে সমস্যার সম্মুখীন হচ্ছে। ছাত্র ইউনিয়ন নেতৃবৃন্দ আগামীকাল ৩ নবেম্বরের মধ্যে আট দফা দাবি পূরণ করার আহ্বান জানিয়েছে।